গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

# জুলাই ০১, ২০১৭ – জুন ৩০, ২০১৮

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

এবং

কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,
ঢাকা (পশ্চিম), ঢাকা- এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ০১, ২০১৭ - জুন ৩০, ২০১৮

# সূচীপত্র

## কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র


প্রস্তাবনা:

সেকশন ১: কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা- এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission) কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী (Outcome/Impact)

সেকশন ২: কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা -এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ (Outcome/Impact)

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা

# <u>উপক্রমণিকা (Preamble)</u>

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা- এর সকল কর্মচারীগণের পক্ষে

কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা

এবং

জাতীয় রাজস্ব বোর্ডের মূসক বাস্তবায়ন ও আইটি - এর দায়িত্বে নিয়োজিত সম্মানিত সদস্য এর মধ্যে

২০১৭ সালের............. মাসের ............ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

## কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা - এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

[Overview of the Performance of the Customs, Excise & VAT, Commissionerate, Dhaka-West Dhaka]

**সাম্প্রতিক বছরসমূহের প্রধান অর্জনসমূহঃ**

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা, জাতীয় রাজস্ব বোর্ডের অধীনস্থ শুল্ক, আবগারী ও মূল্য সংযোজন কর আদায়ে নিয়োজিত প্রতিষ্ঠান। ২০১১ সালে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা এর কার্যক্রম শুরু হয়। এ কমিশনারেট সৃষ্টির পর হতে সুনামের সাথে রাজস্ব আদায়ের কাজ করে যাচ্ছে। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আদেশ নং- ০৮.০৩৩৩.০২১.০১.০০.০৩৫.২০০৯(অংশ-১)-৪৫৮, তারিখ- ০৭.০৭.২০১১ খ্রিঃ এর আলোকে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকার সীমানা অধিকতর যুক্তিসংগত ও রাজস্বের গুরুত্ব বিবেচনায় ০৭ (সাত) টি বিভাগ, ২৪ (চব্বিশ) টি সার্কেল ও একটি এলসি স্টেশনে বিভাজনপূর্বক সীমানা নির্ধারণ করা হয়। এ কমিশনারেটের প্রধান কার্যাবলী হচ্ছে মূল্য সংযোজন কর, আমদানি শুল্ক, সম্পূরক শুল্ক ও টার্ণওভার ট্যাক্স আদায় কার্যক্রম পরিবীক্ষণ, জাতীয় বাজেটে প্রণীত রাজস্ব সংক্রান্ত দিক-নির্দেশনা বাস্তবায়ন ইত্যাদি। ২০১৩-২০১৪ অর্থ বছরের মোট লক্ষ্যমাত্রা ৭৯৩.৬৯ কোটি টাকার বিপরীতে আদায় হয়েছে ৭৯৬ কোটি টাকা। ২০১৪-২০১৫ অর্থ বছরে মোট লক্ষ্যমাত্রা ১১১৫.৬৭ কোটি টাকা এবং আদায় হয়েছে ৯৩৮.৪০ কোটি টাকা। ২০১৫-২০১৬ অর্থ বছরে মোট লক্ষ্যমাত্রা ১৩০৫ কোটি টাকা এবং আদায় হয়েছে ১০৭৬ কোটি টাকা। এ কমিশনারেট সুশাসন প্রতিষ্ঠা এবং আধুনিক ব্যবস্থাপনা কাঠামো উন্নয়নের মাধ্যমে উত্তম চর্চা নিশ্চিতপূর্বক করদাতাবান্ধব পরিবেশ সৃষ্টি এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় বাজেট বাস্তবায়ন পরিকল্পনার আলোকে রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে দৃঢ় প্রতিজ্ঞ।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

উচ্চ লক্ষ্যমাত্রার রাজস্ব আহরণ, মূসক ফাঁকি রোধ, যথাযথ তদারকী নিশ্চিতকরণ, জাতীয় বাজেটে প্রণীত রাজস্ব নীতি বাস্তবায়ন, নিরীক্ষা ও পরিদর্শন, বকেয়া আদায়, বিচারাধীন মামলা দ্রুত নিষ্পত্তিকরণ (মামলা তদারকি ও বিকল্প বিরোধ নিষ্পত্তিকরণের মাধ্যমে) জনবল স্বল্পতা, প্রশিক্ষিত জনবলের অপ্রতুলতা, কম্পিউটার ও যানবাহনের অপ্রতুলতা, Basic Accounting Knowledge সমৃদ্ধ কর্মীর অভাব।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

ভবিষ্যতে জাতীয় রাজস্ব আদায় বৃদ্ধির জন্য মূসক অনলাইন ব্যবস্থা চালু, তথ্য প্রযুক্তি (আইসিটি) অবকাঠামো বিনির্মাণ ও অটোমেশন কার্যক্রমসমূহ জোরদারকরণ, মূসকনেট (ভ্যাটনেট) সম্প্রসারণ, মূসক ফাঁকি রোধ এবং আইন ও মূসক প্রদান পদ্ধতি সহজীকরণ; মূসক বিষয়ক শিক্ষা, বিজ্ঞাপন এবং স্টেকহোল্ডার সার্ভিস, প্রয়োজনীয় উদ্যোগের মাধ্যমে উচ্চ আদালতের পেন্ডিং মামলাসমূহ নিষ্পত্তি ও জড়িত রাজস্ব আদায়; কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের মাধ্যমে কর্মক্ষমতা বৃদ্ধি এবং বিকল্প বিরোধ নিষ্পত্তির (ADR) মাধ্যমে রাজস্ব আদায় জোরদার করার পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

**২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- Budget Implementation Plan (BIP) ও Strategic Action Plan (SAP) অনুযায়ী সকল কার্যাদি সম্পাদন
- ২০১৭-১৮ অর্থবছরের ধার্যকৃত রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন
- মূসকের আওতা বৃদ্ধি
- মূসক-এ অন্তর্ভুক্ত নতুন পণ্য ও সেবা খাত
- বর্ধিত ট্যারিফ মূল্য
- উৎসে কর্তিত মূসক
- ব্যবসায়ী পর্যায়ে মূসক
- প্যাকেজ ভ্যাট
- বকেয়া রাজস্ব
- কর্মকর্তাদের কর্মক্ষমতা বৃদ্ধি
- নিয়মিত দাখিলপত্র পরীক্ষা
- মূল্যঘোষণা পর্যালোচনা
- নিবিড় নিরীক্ষা
- অগ্রিম ট্রেড ভ্যাট আদায়
- স্থান-স্থাপনা ভাড়া আদায়
- তথ্য ও প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার

## সেকশন ১:

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা এর - এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী:**

### ১.১ রূপকল্প (Vision):

সুশাসন নিশ্চিত করে করদাতা বান্ধব পরিবেশে প্রযুক্তিভিত্তিক আধুনিক দক্ষ রাজস্ব ব্যবস্থাপনার মাধ্যমে জাতীয় অর্থনীতির অগ্রগতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখা।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

আন্তর্জাতিকভাবে স্বীকৃত ন্যায়ভিত্তিক মূসক ব্যবস্থাপনায় অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনার আলোকে করদাতা সেবা নিশ্চিতপূর্বক একটি স্বচ্ছ ও জবাবদিহিমূলক কর্মিবাহিনীর দ্বারা ডিজিটাল কর্মপরিবেশ সৃষ্টির মাধ্যমে যাবতীয় কার্যক্রমে গতিশীলতা আনায়নপূর্বক রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন করা। এর আলোকে নিম্নরূপ কার্যক্রমসমূহ গ্রহণ করা হবে।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

- রাজস্ব ব্যবস্থাপনা
- স্বয়ংক্রিয় কার্যক্রমঃ করদাতা সেবার অনুষঙ্গ
- আধুনিক কর ব্যবস্থাপনা
- সুশাসন, নৈতিকতা ও সততা
- তথ্য অধিকার
- মানবসম্পদের ফলপ্রসূতা
- অবকাঠামো উন্নয়ন
- সরকারি বিভিন্ন অঙ্গাসংগঠনের মধ্যে সমন্বয়
- করজাল বিস্তৃতিঃ নতুন করদাতার কাছে পৌঁছানো
- পরিবর্তনশীল ব্যবস্থাপনার নেতৃত্ব প্রদান

## ১.৪ কার্যাবলীঃ

### ❑ রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনঃ

- রাজস্ব লক্ষ্যমাত্রার বিপরীতে আদায় কার্যক্রম মনিটরিং
- বাজেটে গৃহীত মূসক ব্যবস্থা অনুযায়ী মূসক আদায়
- নতুনভাবে মূসকে অন্তর্ভুক্ত পণ্য ও সেবার নিবন্ধন ও মূসক আদায়
- গুরুত্বপূর্ণ খাত ও প্রতিষ্ঠান চিহ্নিতকরণ ও আদায় বৃদ্ধি
- ঝুঁকিপূর্ণ পণ্য ও প্রতিষ্ঠান চিহ্নিতকরণ ও ব্যবস্থা গ্রহণ
- জরিপের মাধ্যমে মূসকের আওতা বৃদ্ধি
- উৎসে মূসক আদায়ে নিবিড় মনিটরিং
- নিবারক তৎপরতা বৃদ্ধি

### ❑ করবান্ধব পরিবেশ সৃষ্টিঃ

- করদাতাদের সাথে নিয়মিত সভা আহবান
- দ্রুত সেবা প্রদান
- সেবার মান উন্নয়ন
- বিধি ও পদ্ধতিগত সহজীকরণ
- আইন ও বিধান স্টেকহোল্ডারদের অবহিতকরণ
- মূসক সম্পর্কিত প্রচার প্রচারণা

### ❑ কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধিঃ

- ইনহাউস ট্রেনিং
- মোটিভেশন সেশন করা
- কার্যক্রম কঠোরভাবে মনিটরিং করা
- দায়িত্ব সুনির্দিষ্টকরণ
- কম্পিউটার প্রশিক্ষণ
- ইন্টারনেট ব্যবহারে উদ্বুদ্ধকরণ
- সামাজিক যোগাযোগের মাধ্যম ব্যবহার

## ❑ **বকেয়া আদায়ঃ**

- বকেয়া তালিকা নিয়মিত হালনাগাদ করা
- মামলাসমূহ  নিষ্পত্তি
- ADR এর মাধ্যমে মামলা নিষ্পত্তি
- সরকারী সংস্থার বকেয়া আদায়ে মনোনিবেশ
- আইন ও বিধানের কঠোর প্রয়োগ

## ❑ **করদাতা উদ্বুদ্ধকরণ কর্মসূচীঃ**

- নিয়মিত সভা, সেমিনার ও ওয়ার্কশপ এর আয়োজন
- মূসকের গুরুত্বপূর্ণ বিষয়ে (ADR, প্যাকেজ ভ্যাট, উৎসে কর্তন, ইট ভাটা) প্রচার
- ব্যবসায়ী সমিতির সাথে সম্পর্ক উন্নয়ন ও মতবিনিময় সভা করা
- আইন ও বিধানে প্রদত্ত সুবিধা সম্পর্কে ব্যবসায়ীগণকে অবহিতকরণ
- **“উন্নয়নের জন্য মূসক”** এ ধারণা করদাতাদের মনে বর্তানো
- নূতন মূসক আইন সম্পর্কে ধারণা প্রদান

## ❑ **রাজস্ব সংরক্ষণঃ**

- দাখিলপত্র পরীক্ষা
- মূল্য ঘোষণা যাচাই
- নিরীক্ষা কার্যক্রম পরিচালনা
- নিবারক কার্যক্রম পরিচালনা
- অডিট আপত্তি নিষ্পত্তি
- সঠিক টার্নওভার নির্ধারণ

## ❑ **সুশাসন প্রতিষ্ঠাঃ**

- সময়মতো অফিসে উপস্থিতি নিশ্চিতকরণ
- শৃঙ্খলা প্রতিষ্ঠা

- আধুনিক ব্যবস্থাপনা কাঠামো অনুসরণ
- অফিস পরিদর্শন
- পুরস্কার ও তিরস্কার এর ব্যবস্থা
- স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা
- যথাযথ হিসাব কোডে রাজস্ব জমা প্রদান এবং প্রমাণপত্র  সরবরাহ

❑ **ডিজিটাল পরিবেশ সৃষ্টিঃ**

- ওয়েবসাইট হালনাগাদ রাখা
- সকল দপ্তর ই-মেইলের আওতায় আনা হয়েছে, বিষয়টি কার্যকর নিশ্চিতকরণ
- গ্রুপ-ই মেইল ব্যবহার নিশ্চিত করণ
- কমিশনারেটের ফেসবুক ব্যবহারের মাধ্যমে প্রচার প্রচারণা বৃদ্ধিকরণ
- ডিজিটাল যোগাযোগকে প্রাধান্য দেওয়া
- কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী সংগ্রহ, বিতরণ ও সংস্থাপন
- রাজস্ব ও অন্যান্য তথ্যাদি কম্পিউটারে ধারণ
- Electronic Cash Register (ECR)/ Point of Sales (POS) ব্যবসা পর্যায়ে প্রতিষ্ঠা

❑ **অংশীদারিত্ব প্রতিষ্ঠাঃ**

- জেলা প্রশাসনের সাথে সমন্বিত কার্যক্রম গ্রহণ
- আয়কর বিভাগের সাথে তথ্য বিনিময় ও সমন্বিত নিরীক্ষা কার্যক্রম
- যৌথ জরিপ কার্যক্রম পরিচালনা
- বণিক সমিতির সাথে একযোগে কাজ করা
- অন্যান্য আইন শৃঙ্খলা বাহিনীর (বিজিবি, পুলিশ, র‍্যাব, আনসার) সাথে সমন্বিত কার্যক্রম গ্রহণ করা
- সমাজের সকল পর্যায়ের জনগণকে রাজস্ব আহরণ কাজে সম্পৃক্ত করা

# সেকশন-২

মূসক অনুবিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষমাত্রা ২০১৭-১৮ | প্রক্ষেপণ (Projection) | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্ব প্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Sources of data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | |
| রাজস্ব আহরণ বৃদ্ধি | কর জিডিপির অনুপাত বৃদ্ধি | শতকরা হার | ১০.৬০ | ১১.৫০ | ১২.৩০ | ১৩.১০ | | এটর্নি জেনারেলের দপ্তর, বাংলাদেশ ব্যাংক, মহাহিসাব নিরীক্ষকের ও নিয়ন্ত্রকের দপ্তর | মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি বিবৃতি ২০১৬-১৭ থেকে ২০১৮-১৯, অর্থ বিভাগ |

## সেকশন-৩

# কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

## ঢাকা (পশ্চিম)

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ (সাময়িক) | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০১৮-১৯ | ২০১৯-২০ |
| | | | | | | | | ১০০.০০% | ৯০.০০% | ৮০.০০% | ৭০.০০% | ৬০.০০% | | |
| ১. রাজস্ব আহরণ জোরদারকরণ | ৬৮ | ১.১ রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন। | ১.১আহরিত ভ্যাট | কোটি টাকা মোট | ৪৫ | ১৩০৫ | ১৭৭৪ | | | | | | | |
| | | ১.২ প্রদর্শিত রাজস্ব আদায়ের সাথে ট্রেজারী হিসাবের সমন্বয় সাধন | ১.২.১ অর্ধ -বার্ষিক সমন্বয় সাধন | তারিখ | ১.৫ | | | ০৬/০২/১৭ | ০৬/০২/১৭ | ০৬/০২/১৭ | ০৬/০২/১৭ | ০৬/০২/১৭ | | |
| | | | ১.২.২ বার্ষিক সমন্বয় সাধন | তারিখ | ১.৫ | | | ২০/০৭/২০১৮ | ৩০/০৭/২০১৮ | ১৫/০৮/২০১৮ | ২১/০৮/২০১৮ | ৩১/০৮/২০১৮ | | |
| | | ১.৩ মাঠ অফিসসমূহ পরিদর্শন | ১.৩.১ দাখিলকৃত প্রতিবেদন: ভ্যাট | সংখ্যা | ৫.০০ | ৮ | ৩৭ | ৪১ | ৩৭ | ৩৩ | ২৯ | ২৫ | | |
| | | ১.৪ উৎসে কর কর্তন মনিটরিং | ১.৪.১ পরিবীক্ষিত উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ (ভ্যাট) | সংখ্যা | ৪.০০ | ১৩৬৪ | ১৭৮৪ | ১৯৬২ | ১৭৬৬ | ১৫৭০ | ১৩৭৩ | ১১৭৭ | | |
| | | ১.৫ কমপ্লাইন্ট করদাতার সংখ্যা বৃদ্ধিকরণ | ১.৫.১ রিটার্ণ দাখিলের হার: ভ্যাট | শতকরা হার | ৩.০০ | ১১ | ৭.৪৭ | ১৩ | ১২.৮০ | ১২.৬০ | ১২.৪০ | ১২.২০ | | |
| | | ১.৬ রিটার্ণ পরীক্ষাকরণ। | ১.৬.১ রিটার্ণ পরীক্ষা: ভ্যাট | শতকরা হার | ৫.০০ | ৫ | ৫.৫ | 7 | ৬.৫ | ৬. | ৫.৭ | ৫.৬ | | |
| | | ১.৭ জরিপ কার্যক্রম | ১.৭.১ করদাতা বৃদ্ধি: ভ্যাট | সংখ্যা | ৩.০০ | ৯১৬ | ১২৪৩ | ১৩৬৭ | ১২৩০ | ১০৯৪ | ৯৫৭ | ৮২০ | | |

# কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ (সাময়িক) | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০১৮-১৯ | ২০১৯-২০ |
| | | | | | | | | ১০০.০০% | ৯০.০০% | ৮০.০০% | ৭০.০০% | ৬০.০০% | | |
| ২. মূসক প্রশাসনের আধুনিকায়ন ও করদাতা বান্ধবকরণ | ১২ | ২.১ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় বিজ্ঞাপন/অনুষ্ঠান প্রচার। | ২.১.১ বিজ্ঞাপন/অনুষ্ঠান প্রচার: ভ্যাট | সংখ্যা | ৩.০০ | ১২ | ১৪ | ১৫ | ১৪ | ১২ | ১১ | ৯ | | |
| | | ২.২ করদাতাগণকে প্রচলিত আইনে তাদের অধিকার ও বাধ্যবাধকতা সম্পর্কে সম্যক ধারণা দেওয়ার নিমিত্ত নিয়মিত মিথস্ক্রিয়া/ যোগাযোগ স্থাপন। | ২.২.১ অনুষ্ঠিত সভা/ যোগাযোগ: ভ্যাট | সংখ্যা | ২.০০ | ২৭ | ৬১ | ৬৭ | ৬০ | ৫৪ | ৪৭ | ৪০ | | |
| | | ২.৩ সেবা কেন্দ্রের মাধ্যমে করদাতা সেবা বৃদ্ধিকরণ | ২.৩.১ সেবা গ্রহণকারীর সংখ্যা: ভ্যাট | সংখ্যা | ২.০০ | ৩.৬০ | ১১.০৫ | ১২০০০ | ১০৮০০ | ৯৬০০ | ৮৪০০ | ৭২০০ | | |
| | | ২.৪ ভ্যাট অনলাইন প্রকল্প বাস্তবায়ন | ২.৪.১ অনলাইনে মূসক রির্টাণ দাখিল শুরু (নতুন ভ্যাট আইন বাস্তবায়ন সাপেক্ষে) | তারিখ | ২.০০ | | | ৩১/০৮/১৭ | ৩০/০৯/১৭ | ৩১/১০/১৭ | ৩০/১১/১৭ | ৩০/১২/১৭ | | |
| | | ২.৫ ই-পেমেন্ট পদ্ধতি | ২.৫.১ রাজস্ব আদায়: ভ্যাট | কোটি টাকা | ০.৫০ | | | ০.১০ | ০.০৯ | ০.০৮ | ০.০৭ | ০.০৬ | | |
| | | ২.৬ কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান; | ২.৬.১ প্রশিক্ষণ প্রদান: ভ্যাট | সংখ্যা | ০.৫০ | ১৫০ | ৭৭৮ | ১৮০ | ১৬২ | ১৪৪ | ১২৬ | ১০৮ | | |
| | | ২.৭ কর্মকর্তা-কর্মচারীদের পুরস্কার প্রদানের মাধ্যমে কাজে উদ্বুদ্ধকরণ | ২.৭.১ পুরস্কার প্রদান: ভ্যাট | সংখ্যা | ০.৫০ | | | ১৫ | ১৪ | ১৩ | ১২ | ১১ | | |
| | | ২.৮ অনলাইনে ভ্যাট রিটার্ণ দাখিল | ২.৮.১ অনলাইনে ভ্যাট রিটার্ণ দাখিলের সংখ্যা | সংখ্যা | ০.৫০ | | | ২৭০০০. | ২৪৩০০. | ২১৬০০. | ১৮৯০০. | ১৬২০০. | | |
| | | ২.৯ অনলাইনে ভ্যাট রেজিষ্ট্রেশন সম্পন্ন | ২.৯.১ অনলাইনে ভ্যাট রেজিষ্ট্রেশনের সংখ্যা | সংখ্যা | ১.০০ | | | ৬৫০০০ | ৫৮৫০০. | ৫২০০০ | ৪৫৫০০. | ৩৯০০০ | | |

# দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ
# (মোট মান-২০)

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance of Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান (২০১৭-১৮) (Target Value (২০১৭-18) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারন (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০.০০% | ৯০.০০% | ৮০.০০% | ৭০.০০% | ৬০.০০% |
| **১. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন** | ৯ | ১.১ ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | [১.১.১] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | ১.২ ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা | [১.২.১] ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত | % | ০.৫০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | ১.৩ দপ্তর/সংস্থা কর্তৃক ২০১৬-১৭ অর্থবছরে প্রনীত তালিকা অনুযায়ী কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালু করা | [১.৩.১] ন্যূনতম দুইটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | ৩০/১১/২০১৭ | ৭/১২/২০১৭ | ১৪/১২/২০১৭ | ২১/১২/২০১৭ | ২৮/১২/২০১৭ |
| | | ১.৪ দপ্তর/সংস্থা ও অধীনস্থ কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | [১.৪.১] উদ্ভাবনী উদ্যোগ ও SIP-সমূহের ডাটাবেজ প্রস্তুতকৃত | তারিখ | ১.০০ | ৩১ আগষ্ট ২০১৭ | ১৪ সেপ্টেম্বর ২০১৭ | ২৮ সেপ্টেম্বর ২০১৭ | ১২ অক্টোবর ২০১৭ | ৩১ অক্টোবর ২০১৭ |
| | | | [১.৪.২] উদ্ভাবনী উদ্যোগ ও SIP রেপ্লিকেটেড | % | ১.০০ | ২৫ | ২০ | ১৫ | ১০ | - |
| | | ১.৫ সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [১.৫.১] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | ১৪/০৯/২০১৭ | ২৮/০৯/২০১৭ | ১২/১০/২০১৭ | ৩১/১০/২০১৭ | ১৪/১২/২০১৭ |
| | | ১.৬ দপ্তর/সংস্থায় প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৬.১] তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | % | ১.০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | | [১.৬.২] শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | ০.৫০ | ১১/১/২০১৮ | ১৮/০১/২০১৮ | ২২/০১/২০১৮ | ২৫/০১/২০১৮ | ৩১/০১/২০১৮ |
| | | ১.৭ সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদান | [১.৭.১] প্রকাশিত সিটিজেনস চার্টার বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | ৩১/১২২০১৭ | ১৫/০১/২০১৮ | ২২/০১/২০১৮ | ৮/২/২০১৮ | ২২/০২/২০১৮ |
| | | ১.৮ অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৮.১] নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ০.৫০ | ১২ | ১১ | | | |
| | | | [১.৮.২] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ০.৫ | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance of Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান (২০১৭-১৮) (Target Value (২০১৭-18) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারন (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০.০০% | ৯০.০০% | ৮০.০০% | ৭০.০০% | ৬০.০০% |
| ২. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তকবায়ন নিশ্চিত করা | ৪ | ২.১ ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [২.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ০.৫০ | ২৩ এপ্রিল ২০১৭ | ২৪ এপ্রিল ২০১৭ | ২৫ এপ্রিল ২০১৭ | ২৬ এপ্রিল ২০১৭ | ২৭ এপ্রিল ২০১৭ |
| | | ২.২ ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [২.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | ০৮ আগষ্ট ২০১৭ | ১০ আগষ্ট ২০১৭ | ১৩ আগষ্ট ২০১৭ | ১৬ আগষ্ট ২০১৭ | ১৭ আগষ্ট ২০১৭ |
| | | ২.৩ ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [২.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ০.৫০ | ৪ | ৩ | ২ | ০ | ০ |
| | | ২.৪ ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [২.৪.১] নির্ধারিত তারিখে অর্ধ-বার্ষিক মূল্যায়ণ প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | ৩০ জানুয়ারি ২০১৮ | ৩১ জানুয়ারি ২০১৮ | ০১ ফেব্রুয়ারি ২০১৮ | ০৫ ফেব্রুয়ারি ২০১৮ | ০৬ ফেব্রুয়ারি ২০১৮ |
| | | ২.৫ মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৭-১৮ অর্থাবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [২.৫.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | ১৫ জুন | ১৮ জুন | ১৯ জুন | ২০ জুন | ২১ জুন |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance of Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান (২০১৭-১৮) (Target Value (2017-18) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারন (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০.০০% | ৯০.০০% | ৮০.০০% | ৭০.০০% | ৬০.০০% |
| **৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন** | ৩ | ৩.১ অডিট আপত্তি নিষ্পত্তি কা | [৩.১.১] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | ৩.২ স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ১.০০ | ১ ফেব্রুয়ারি | ১৫ ফেব্রুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | | অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫০ | ১ ফেব্রুয়ারি | ১৫ ফেব্রুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | ৩.৩ দপ্তর সংস্থায় কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা | [৩.৩.১] কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েব সাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |
| **৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন** | ২ | ৪.১ সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৪.১.১] প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ১.০০ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | ৪.২ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৪.২.১] ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ০.৫০ | ১৩ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | [৪.২.২] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫০ | ৪ | ৩ | ২ | - | - |
| **৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন** | ২ | ৫.১ তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫০ | ১০০ | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ |
| | | ৫.২ স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | [৫.২.১] স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | ০.৫০ | ১০০ | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ |
| | | ৫.৩ বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |

আমি, কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা হিসেবে সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা হিসেবে কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা- এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট মূসক অনুবিভাগকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

১৫.০৬.২০১৭

**(সুলতান মোঃ ইকবাল)**
সদস্য
(মূসক বাস্তবায়ন ও আইটি)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

তারিখ

১৫|০৬|১৭

**(ড. মোঃ সহিদুল ইসলাম)**
কমিশনার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
ঢাকা (পশ্চিম), ঢাকা।

তারিখ